

সূত্র

প্রিন্ট: ১৯ মার্চ ২০২৫, ০১:৫৪ পিএম

শিক্ষাঙ্গন

জবির দুই ছাত্রলীগ নেতাকে বহিষ্কার করল ঢাবি



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ মার্চ ২০২৫, ০৮:৩৫ পিএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত আন্দোলনকারীদের ওপর হামলায় জড়িত ১২৮ জন শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জুলাই গণঅভ্যুত্থানের সময় হামলা সংক্রান্ত তথ্যানুসন্ধান কমিটির প্রতিবেদনের আলোকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এই বহিষ্কারের তালিকায় দুইজন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতার নাম রয়েছে।

জানা যায়, ১২৮ জনের তালিকায় ৮২ নম্বরে ইব্রাহিম সানিমের নাম রয়েছে, যিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও জবি শাখা ছাত্রলীগের সহসভাপতি। আর তালিকায় ১২১ নম্বরে থাকা মাহমুদুল হাসান আকাশ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও জবি ছাত্রলীগের মার্কেটিং বিভাগের সভাপতি।

ইব্রাহিম সানিমের অভিযোগে বলা হয়েছে, সে ভিসি চত্বর এলাকায় নারী শিক্ষার্থীদের ওপর হামলা করে। আরেক ছাত্রলীগ নেতা আকাশের অভিযোগে বলা হয়েছে, ১৫ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলার সময় সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। তাকে লাঠি হাতে মিছিলে প্রথম সারিতে দেখা যায়।

এ বিষয়ে জবি প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক বলেন, এ বিষয়ে আমরা এখনো অবহিত না। যদি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাদের এ বিষয়ে কিছু জানায় নিশ্চয় আমরা তখন জানব এবং ব্যবস্থা নিতে পারব।